

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

বিষয় : আইন শৃংখলা কমিটির আগষ্ট/ ২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।
তারিখ : ০৬/০৮/২০২১ খ্রিঃ।
সময় : বেলা-১১.০০ টা
স্থান : উপজেলা পরিষদ কার্যালয়, কালিয়া, নড়াইল।
সভাপতি : মোঃ ইব্রাহীম শেখ, ভাইস চেয়ারম্যান
কালিয়া, নড়াইল।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-ক দ্রষ্টব্য

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। অতঃপর তিনি বলেন যে, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় কর্তৃক জুলাই, ২০১৩ খ্রিঃ তারিখে প্রকাশিত উপজেলা পরিষদ ম্যানুয়ালের (উপজেলা পরিষদ আইন, ১৯৯৮) এর ধারা ২৯ অনুযায়ী উপজেলা পরিষদের গত ২০/১০/২০১৬ খ্রিঃ তারিখের সভায় আইন শৃংখলা সংক্রান্ত স্থায়ী কমিটি পুনঃগঠন করেছেন। তিনি গঠিত কমিটির কার্যপরিধি মোতাবেক কার্যক্রম সম্পন্ন করতঃ উপজেলা আইন-শৃংখলা কমিটির সভায় উল্লেখযোগ্য বিষয় সমূহ সুপারিশসহ উপস্থাপন করার বিষয়ে গুরুত্বারোপ করেন।

এ পর্যায়ে সভায় উপস্থিত চেয়ারম্যান, ৫নং সালামাবাদ ইউনিয়ন বলেন যে, বর্তমানে কালিয়া উপজেলায় আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক আছে। সভায় উপস্থিত চেয়ারম্যান, পুরুলিয়া ইউপি, চেয়ারম্যান, পেড়লী ইউপি ও সালামাবাদ ইউপি চেয়ারম্যানের বক্তব্য সমর্থন করেন।

সভায় উপস্থিত অফিসার ইনচার্জ, কালিয়া থানা জানান যে কালিয়া উপজেলার সার্বিক আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক আছে। আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীর সদস্যবৃন্দ সদা সতর্ক অবস্থায় আছে। কোথাও কোন সমস্যার উদ্ভব হলে তা তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করার জন্য অনুরোধ জানান।

সভাপতি উপজেলার সার্বিক আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখার বিষয়ে উপস্থিত সদস্যদের সাথে বিস্তারিত আলোচনা করেন। বিস্তারিত আলোচনান্তে এ উপজেলার বিদ্যমান আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখার বিষয়ে উপজেলা আইন-শৃংখলা কমিটির সকলকে অনুরোধ জানান।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ ইব্রাহীম শেখ)

সভাপতি

উপজেলা আইন শৃংখলা কমিটি

ও

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।

স্মারক নং-০৫.৪৪.৬৫২৮.০০০.০০০.০০.২১-৬৪

তারিখ : ০৬/০৮/২০২১ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল।
- ০৩। অফিসার ইনচার্জ, কালিয়া থানা / নড়াগাতী থানা।
- ০৪।



সদস্য সচিব

উপজেলা আইন শৃংখলা কমিটি

ও

উপজেলা আনসার ডিডিপি অফিসার

কালিয়া, নড়াইল।

স্মারক নং- ০৫.৪৪.৬৫২৮.০০১.০০.০০০.২১- ৩৭

তারিখ :- ০৫/৮/২০

বিষয় : আইন-শৃঙ্খলা সংক্রান্ত স্থায়ী কমিটির ...মাসের সভার নোটিশ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ৬/৮/২০ খ্রিঃ তারিখ বেলা- ১০:০০ ঘটিকার সময় নিম্নস্বাক্ষরকারীর সভাপতিত্বে আইন-শৃঙ্খলা সংক্রান্ত স্থায়ী কমিটির সভা উপজেলা পরিষদ কার্যালয়ে অনুষ্ঠিত হবে।
উক্ত সভায় আপনাকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।



(মোঃ ইব্রাহীম শেখ)

সভাপতি

উপজেলা আইন শৃঙ্খলা কমিটি

ও

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।

প্রাপক : জনাব
.....।